

## বাংলাবাজার থেকে ৪৬ হাজার নকল বই উদ্ধার

### নিজস্ব বার্জ পরিবেশক

দেশের সর্ববৃহৎ বইয়ের মাঠেটি বাংলাবাজার থেকে এবার নিয়মানের কাগজে তৈরি হয় ৪৬ হাজার কপি, নকল বই ও বই তৈরির ফরমা উদ্ধার করা হয়েছে। গত রোববার মধ্যরাতে পুলিশ, রাব এবং এনসিটিবি যৌথভাবে অভিযান চালায় একটি গ্রেস ও একটি গোডাউন থেকে এসব

বই উদ্ধার করে। উদ্ধার করা বইয়ের মধ্যে ৬ হাজার নকল এবং ৪০ হাজার বই তৈরির ফরমা ছিল। অভিযানের পর থেকে গ্রেস ও গোডাউনের মালিক পুস্তক ব্যবসায়ী মো. জনি পলাতক রয়েছেন। বাংলাবাজারে রাব ও পুলিশের এটি দ্বিতীয় অভিযান। এত আগে গত বৃহস্পতিবার রাতে বাংলাবাজারে রাব-পুলিশ অভিযান চালিয়ে পুস্তক ব্যবসায়ীদের অনেকে অবৈধভাবে মজুন করে রাখা ৫৭ হাজার বই উদ্ধার করেছিল। গত কিছুদিন ধরে অভিযোগ করা হচ্ছিল, প্রকাশকরা বই ছেপে বাজারে বিক্রি না করে বেশি নামে বিক্রি করার জন্য ওদামে মজুন করে রাখছেন। এ অভিযোগ ওঠার পরই রাব-পুলিশ বাংলাবাজারে প্রকাশকদের ওদামে অভিযান শুরু করে।

রাব-১০ সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে রোববার মধ্যরাতে সূত্রাপুরের আরএম নাম বোতের হাইয়ান গ্রেস এবং শ্যামপুরের সক্রিয়করণ রাব বোতের একটি বইয়ের গোডাউনে অভিযান চালানো হয়। গোডাউন বই : পৃষ্ঠা : ১১ ক : ৮

### বই : উদ্ধার

(১ম পৃষ্ঠার পর)

ও গ্রেসের মালিক মো. জনি অভিযানের খবর পেয়ে পালিয়ে যান। পরে কর্মচারীদের উপস্থিতিতে গ্রেস ও গোডাউনে অভিযান চালানো হয়। অভিযানের সময় গোডাউন থেকে ৬ হাজার কপি বই ও গ্রেস থেকে ৪০ হাজার কপি সমপরিমাণ নকল বইয়ের ফরমা উদ্ধার করা হয়। উদ্ধার করা এসব বই মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক শ্রেণীর। গ্রেসের কর্মচারীদের উদ্ধৃতি দিয়ে রাব জানায়, দীর্ঘদিন থেকে কিছু অসামুখ ব্যবসায়ী নিয়মানের পুস্তক ব্যবসায়ীদের অসুবিধার কারণে পুস্তক উদ্ধার করে নিয়মানের পুস্তক উদ্ধার করে আসছে। এসব অসামুখ ব্যবসায়ীদের ক্ষেত্রভেদে জন্ম অভিযান চলছে।

রাব-১০-এর এক কর্মকর্তা জানান, বাংলাবাজারে কৃত্রিম বই সমষ্টি তৈরির মাধ্যমে কিছুসংখ্যক অসামুখ পুস্তক ব্যবসায়ী অবৈধভাবে ব্যবসা করে আসছেন। পুস্তক ব্যবসায়ীরা একটি সিডিকিটে তৈরি করে এ ব্যবসা করে আসছেন। বাংলাবাজারের গোডাউন পাবলিকেশনের মালিক জনি এ সিডিকিটের একজন। তার নিজস্ব একটি গ্রেস রয়েছে। এ গ্রেস থেকে ইচ্ছামতো বই ছাপিয়ে বাজারজাত করে আসছেন। চলতি বছর তাদের নিজস্ব সিডিকিটের তৈরি কৃত্রিম বই সমষ্টির সুযোগ ব্যবহার করে নকল বই প্রস্তুত করে বাজারজাত করেন। বাংলাবাজারে তার একটি বইয়ের শোরুম থাকলেও ওই শোরুমে নিজের গ্রেসের বই রাখেন না। গ্রেস থেকে নকল বই ছাপানোর পর তিনি এসব বই নিজস্ব গোডাউন রাখেন। পরে গোডাউন থেকে পাইকারি ব্যবসায়ীদের কাছে বিক্রি করে দেন। পুস্তক ব্যবসায়ী জনির গ্রেসে ছাপানো এসব নকল বই মফস্বলে বেশি বিক্রি হয়।